

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৪৭

আগরতলা, ৩১ জানুয়ারি, ২০২৪

ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসের গ্রামপঞ্চায়েত  
সেনসিটাইজেশন প্রোগ্রাম অনুষ্ঠিত

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ ও পঞ্চায়েত দপ্তরের যৌথ উদ্যোগে আজ মুক্তধারা অডিটরিয়ামে জিলা পরিষদের সদস্য-সদস্যগণ, বিভিন্ন গ্রামপঞ্চায়েতের গ্রাম প্রধান ও সদস্য-সদস্যদের নিয়ে ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসের গ্রামপঞ্চায়েত সেনসিটাইজেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। দৈনন্দিন জীবনে ব্যবহৃত দ্রব্য সামগ্রীর আসল নকল যাচাই করার প্রক্রিয়া জেনে নেওয়া এবং নিজ নিজ গ্রামের মানুষকেও এবিষয়ে সচেতন করার জন্য এই কর্মসূচির আয়োজন করা হয়।

অনুষ্ঠানে এবিষয়ে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয়ের অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগি। স্বাগত বক্তব্য রাখেন জিলা পরিষদের সচিব বিষ্ণুপদ রায়। ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসের গুয়াহাটি ব্রাঞ্চার প্রতিনিধি শুভম সানু অনুষ্ঠানে আমাদের দৈনন্দিন জীবনে ব্যবহৃত দ্রব্যসামগ্রী যেমন, গ্যাস সিলিন্ডার, এসি মেশিন, ঔষধপত্র, অলংকার, জলের পাইপ, সিমেন্ট, বিভিন্ন ইলেক্ট্রনিকস যন্ত্রসামগ্রী ইত্যাদিতে ব্যবহৃত আই এস আই হলমার্ক প্রতীক বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এক তথ্যচিত্রের মাধ্যমে সেগুলি তিনি সকলের সামনে তুলে ধরেন। এছাড়া তিনি প্রত্যেকের মোবাইলে বিআইএস কেয়ার এই অ্যাপের মাধ্যমে কিভাবে আমাদের ক্রয় করা দ্রব্যাদির আসল নকল যাচাই করা যায় সে বিষয়েও আলোচনা করেন। নকল দ্রব্যাদি বাজারজাতকরণ বিষয়ে কোথায় কিভাবে অভিযোগ জানাবেন সে বিষয় নিয়েও তিনি বিস্তারিত আলোচনা করেন।

\*\*\*\*\*